UK Health Security Agency

প্রিয় পিতামাতা/পরিচর্যাকারী(রা),

**বিষয়: স্কারলেট জ্বরের বৃদ্ধি**

স্কারলেট জ্বরের প্রত্যাশিত মৌসুমী মাত্রার বেশি [জাতীয়/স্থানীয়] সাম্প্রতিক বৃদ্ধির বিষয়ে ইউকে হেলথ সিকিউরিটি এজেন্সি (UKHSA)-এর কাছে বিজ্ঞপ্তি সম্পর্কে আপনাকে জানানোর জন্য আমরা এই চিঠি লিখছি।

আপনি যদি মনে করেন যে আপনার বা আপনার সন্তানের স্কারলেট জ্বর হয়ে থাকতে পারে, তাহলে এর লক্ষণ, উপসর্গ এবং যে পদক্ষেপগুলি নিতে হবে সে সম্পর্কে আমরা আপনাকে এই সুযোগে মনে করিয়ে দিতে চাই।

**স্কারলেট জ্বরের লক্ষণ ও উপসর্গগুলি**

স্কারলেট জ্বর হল শৈশবের একটি সাধারণ সংক্রমণ যা *স্ট্রেপ্টোকক্কাস পায়োজিনিস (Streptococcus pyogenes)* বা গ্রুপ এ স্ট্রেপ্টোকক্কাস (GAS) দ্বারা সৃষ্ট। এটি সাধারণত গুরুতর নয়, তবে জটিলতা (যেমন নিউমোনিয়া) এবং অন্যদের মধ্যে ছড়িয়ে পড়ার ঝুঁকি কমাতে অ্যান্টিবায়োটিক দিয়ে চিকিৎসা করা উচিত। স্কারলেট জ্বরের প্রাথমিক লক্ষণগুলির মধ্যে রয়েছে গলা ব্যথা, মাথাব্যথা, জ্বর, বমি ভাব এবং বমি। 12 থেকে 48 ঘণ্টা পরে, লক্ষণাত্মক লাল, পিনহেড ফুসকুড়ি দেখা দেয়, সাধারণত প্রথমে বুকে এবং পেটে দেখা দেয়, তারপর দ্রুত শরীরের অন্যান্য অংশে ছড়িয়ে পড়ে এবং ত্বককে শিরিষ-কাগজের মতো চেহারা দেয়। কালো চামড়ায় লাল রঙের ফুসকুড়িগুলি লক্ষ্য করা কঠিন হতে পারে, যদিও 'শিরিষ-কাগজ'-এর মতো অনুভূতি থাকবে। রোগীদের গাল সাধারণত লাল হয়ে যায় এবং মুখের চারপাশে ফ্যাকাশে হয়ে যায়। এর সাথে জিভ 'স্ট্রবেরির' মত উজ্জ্বল লাল রঙের হয়ে যেতে পারে।

আপনি যদি মনে করেন আপনার বা আপনার সন্তানের স্কারলেট জ্বর হয়ে থাকতে পারে:

- যত তাড়াতাড়ি সম্ভব আপনার জেনারেল প্র্যাকটিশনার (GP) বা NHS 111 এর সাথে যোগাযোগ করুন
- নিশ্চিত করুন যে আপনি বা আপনার শিশু নির্ধারিত যে কোনও অ্যান্টিবায়োটিকের সম্পূর্ণ কোর্স গ্রহণ করেছেন। যদিও আপনি বা আপনার শিশু অ্যান্টিবায়োটিকের

কোর্স শুরু করার পরেই ভালো বোধ করবেন, তবে আপনাকে অবশ্যই কোর্সটি সম্পূর্ণ করতে হবে যাতে নিশ্চিত করা যায় যে আপনি সুস্থ হওয়ার পরে আপনার গলায় ব্যাকটেরিয়া বহন করবেন না।

- সংক্রমণ ছড়ানো এড়াতে অ্যান্টিবায়োটিক চিকিৎসা শুরু করার পরে অন্ততঃ 24 ঘণ্টা নার্সারি, স্কুল বা কর্মস্থল থেকে দূরে বাড়িতে থাকুন

আপনি ঘন ঘন হাত ধুয়ে এবং খাওয়ার বাসন, জামাকাপড়, বিছানা এবং তোয়ালে কারও সাথে ভাগ না করে সংক্রমণ ছড়ানো বন্ধ করতে সাহায্য করতে পারেন। সমস্ত দূষিত টিস্যু অবিলম্বে ফেলে দেওয়া উচিত।

**আক্রমণাত্মক গ্রুপ এ স্ট্রেপ (iGAS)**

যে ব্যাকটেরিয়ার কারণে স্কারলেট জ্বর হয় সেই একই ব্যাক্টেরিয়া অন্যান্য ধরণের সংক্রমণের কারণ হতে পারে যেমন ত্বকের সংক্রমণ (ইমপেটিগো (impetigo)) এবং গলা ব্যথা। খুব বিরল ক্ষেত্রে, ব্যাকটেরিয়াটি রক্ত প্রবাহে প্রবেশ করতে পারে এবং আক্রমণাত্মক গ্রুপ A স্ট্রেপ (iGAS) নামক একটি অসুস্থতার কারণ হতে পারে। যদিও এখনও একেবারেই সাধারণ নয়, এই বছর iGAS এর ঘটনা বৃদ্ধি পেয়েছে, বিশেষ করে 10 বছরের কম বয়সী শিশুদের মধ্যে। স্কারলেট জ্বরে আক্রান্ত শিশুদের iGAS সংক্রমণ হওয়া খুবই বিরল ঘটনা।

পিতামাতা হিসেবে, আপনার নিজের বিবেচনার ওপরে বিশ্বাস রাখা উচিত।

NHS 111 বা আপনার GP-র সাথে যোগাযোগ করুন যদি:

- আপনার সন্তানের অবস্থা আরও খারাপ হয়
- আপনার শিশু স্বাভাবিকের চেয়ে অনেক কম স্তন্যপান করে বা খায়
- 12 ঘণ্টা বা তার বেশি সময় ধরে আপনার সন্তানের ন্যাপি শুকনো থাকে বা ডিহাইড্রেশনের অন্যান্য লক্ষণ দেখা যায়
- আপনার শিশুর বয়স 3 মাসের কম এবং তাপমাত্রা 38C এর বেশি হয়, অথবা বয়স 3 মাসের বেশি এবং তাপমাত্রা 39C বা তার বেশি হয়
- আপনি আপনার শিশুর পিঠে বা বুকে স্পর্শ করলে স্বাভাবিকের চেয়ে বেশি গরম অনুভব করেন বা মনে হয় যে সে ঘামছে
- আপনার সন্তান খুব ক্লান্ত বা খিটখিটে হয়ে পড়ে

999 এ কল করুন অথবা দুর্ঘটনা ও জরুরি বিভাগে (A&E) যান যদি:

- আপনার সন্তানের শ্বাস নিতে কষ্ট হচ্ছে - আপনি হয়তো নিঃশ্বাস নেওয়ার সময় শব্দ খেয়াল করতে পারেন বা তার পেট পাঁজরের নিচে ঢুকে যেতে পারে
- আপনার সন্তানের শ্বাস নেওয়ার সময় বিরতি আছে
- আপনার সন্তানের ত্বক, জিভ বা ঠোঁট নীল
- আপনার সন্তান নেতিয়ে পড়ে এবং তাকে জাগানো যায় না বা জেগে থাকে না

## ছড়িয়ে পড়া বন্ধ করুন

স্কারলেট জ্বরের উচ্চ সংখ্যক ঘটনার সময়কালে, স্কুল, নার্সারি এবং অন্যান্য চাইল্ডকেয়ারের পরিবেশেও এর প্রাদুর্ভাব বৃদ্ধি পেতে পারে। সন্দেহজনক স্কারলেট জ্বরে আক্রান্ত শিশু এবং প্রাপ্তবয়স্কদের উপযুক্ত অ্যান্টিবায়োটিক চিকিৎসা শুরু হওয়ার **24 ঘণ্টা** পর্যন্ত নার্সারি/স্কুল/কর্মস্থল থেকে দূরে থাকা উচিত। হাত ধোয়ার মত ভাল স্বাস্থ্যবিধির অনুশীলনগুলি সংক্রমণের বিস্তার প্রতিরোধ ও নিয়ন্ত্রণে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

আপনার বিশ্বস্ত,

[signature]

## সংস্থান

NHS – স্কারলেট জ্বর

স্কারলেট জ্বর: লক্ষণ, রোগনির্ণয় ও চিকিৎসা

শিক্ষা এবং চাইল্ডকেয়ারের পরিবেশে স্বাস্থ্য সুরক্ষা

স্কুলের জন্য হাতের স্বাস্থ্যবিধি সংক্রান্ত সম্পদ